

**ডিগ্রী পরীক্ষায় নকলের দায়ে**  
**২৫** **গ্রেফতার** **২৫** **বহিষ্কার**  
**ইনকিলাব** **২৫** **১৩**

স্টাফ রিপোর্টার ॥

ঢাকা ও চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের অধীনে চলতি ডিগ্রী পরীক্ষায় গতকালও কয়েকটি কেন্দ্রে বহিষ্কার, গ্রেফতার ও ভাঙচুরের ঘটনা ঘটে। গতকাল ৩টি কেন্দ্রে থেকে অসদুপায় অবলম্বনের দায়ে ৫৫ জন পরীক্ষার্থীকে বহিষ্কার ও ২৫ জনকে গ্রেফতার করা হয়েছে।

নারায়ণগঞ্জ থেকে নিজস্ব সংবাদদাতা জানান, গতকাল পরীক্ষা চলাকালে

পরীক্ষা কেন্দ্রে গোলযোগ সৃষ্টি ও অসদুপায় অবলম্বনের চেষ্টা করলে পুলিশ নারায়ণগঞ্জ তোলারাম কলেজ কেন্দ্রে থেকে ২৫ জন পরীক্ষার্থীকে গ্রেফতার করে। আমাদের ব্রাহ্মণবাড়িয়া শেষ পৃঃ ৮-এর কঃ দেখুন

**ডিগ্রী পরীক্ষা**  
 প্রথম পৃষ্ঠার পর

সংবাদদাতা জানান, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের অধীনে চলতি ডিগ্রী পরীক্ষার ব্রাহ্মণবাড়িয়া সরকারী কলেজ কেন্দ্রে থেকে অসদুপায় অবলম্বনের দায়ে গতকাল ১৭ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে।

পরীক্ষায় নকল করার সুযোগ না পাওয়ায় ছাত্ররা কলেজের আসবাবপত্র ভাঙচুর এবং ৪৫০ জন বি-কম পরীক্ষার্থী পরীক্ষা বর্জন করে চলে যায়।

দাউদকান্দির সংবাদদাতা জানান, পরীক্ষার হলে গোলযোগ সৃষ্টি ও অসদুপায় অবলম্বনের চেষ্টাকালে হাসানপুর শহীদ নজরুল কলেজ কেন্দ্রে থেকে গতকাল ৩৮ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়। এদিকে নিমসার ডিগ্রী কলেজ কেন্দ্রে নকল করার সুযোগ না পাওয়ায় ২৭৫ জন বি-কম পরীক্ষার্থী হল ত্যাগ করে চলে যায়। উক্ত কেন্দ্রে কিছু উত্তরপত্র ছিড়ে ফেলার ঘটনাও ঘটে।